অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে আসক্তি প্রতিরোধ সেবার সমর্থনে 3.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের ঘোষণা করলেন

তহবিল কোভিড-19 মহামারী দ্বারা ক্ষতিগ্রস্ত প্রতিরোধ প্রদানকারীদের সমর্থন করবে এবং তাদের প্রমাণ-ভিত্তিক অনুশীলন সম্প্রসারণ করতে দিবে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটজুড়ে প্রমাণ-ভিত্তিক আসক্তি প্রতিরোধ সেবা সম্প্রসারণ করতে 3.7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের ঘোষণা করলেন। নিউ ইয়র্ক স্টেটের দশটি অর্থনৈতিক বিকাশ অঞ্চলের প্রত্যেকটিকে তহবিল প্রদান করা হয়েছে এবং এটি কোভিড-19 মহামারী দ্বারা নেতিবাচকভাবে প্রভাবিত প্রতিরোধ প্রদানকারীদের সমর্থন করবে। তহবিল পরিচালনা করবে নিউ ইয়র্ক স্টেট অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস অফিস (New York State Office of Addiction Services and Supports, OASAS)।

"অনেক নিউ ইয়র্কবাসীর মতো, আমার পরিবারও আসক্তি দ্বারা প্রভাবিত হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "যারা আসক্তিতে ভুগছে তাদের জন্য সমর্থন সম্প্রসারণ করা সব সময়ের মতোই অতি জরুরি যেহেতু আমরা আফিম সঙ্কটের বিরুদ্ধে লড়াই করছি। আমরা প্রতিরোধমূলক ব্যবস্থা জোরদার করতে এবং নিউ ইয়র্কবাসীকে পুনরুদ্ধারের পথে নিয়ে আসতে সাহায্য করার জন্য স্থানীয় অংশীদারদের সাথে কাজ করে যাবো।"

OASAS কমিশনার শিনাঙ্গো কানিংহ্যাম বলেন, "OASAS পরিচর্যার ধারাবাহিকতার একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ প্রতিরোধ, এবং কোভিড-19 মহামারীর সময় আমাদের প্রতিরোধ প্রদানকারীরা তাদের সেবা প্রদানে নজিরবিহীন সমস্যার সম্মুখীন হয়েছে। এই উদ্যোগের মাধ্যমে তহবিল পাওয়া প্রদানকারীদের তাদের প্রতিরোধ অবকাঠামো এবং তারা যেই সম্প্রদায়ে সেবাদান করে সেখানে এইসব জীবন রক্ষাকারী সেবা প্রদান অব্যাহত রাখতে তাদের প্রয়োজনীয় পরিবর্তন করার সুযোগ পাচ্ছে।"

মহামারীর পুরো সময়জুড়ে, অনেক প্রদানকারীকে সশরীরে সেবা বদলে দূরবর্তী ও ভার্চুয়াল সেবায় যেতে হয়েছে, যা প্রয়োজন আছে এমন ব্যক্তি ও সম্প্রদায়ের কাছে পৌঁছানো অব্যাহত রাখাকে কঠিন করে তুলেছে। প্রদানকারীরা এই তহবিলকে স্টার্ট-আপ তহবিল হিসেবে ব্যবহার করে একটি নতুন সেবা তৈরিতে ব্যবহার করতে পারবে, অথবা বিদ্যমান সেবা প্রদান করা অব্যাহত রেখে কর্মসূচিকে উন্নত করতে পারবে। এছাড়াও এটি ব্যবহার করে ইনফরমেশন

টেকনোলোজি (Information Technology, IT) সিস্টেম এবং ভিডিওকনফারেন্সিং প্ল্যাটফর্ম উন্নত করা যাবে।

সিনেটর পিটার হারখাম বলেন, "মাদকদ্রব্য ব্যবহার রোগে আক্রান্ত বাসিন্দাদের জন্য প্রতিরোধ কর্মসূচির প্রতি বর্ধিত স্টেট তহবিল জীবন বাঁচাবে। ওভারডোজ মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে আরো বেশি সংস্থান প্রদানকারী এবং তাদের পক্ষে কথা বলা ব্যক্তিদেরকে মাদকের সহজলভ্যতা হ্রাস করার কাজ অব্যাহত রাখতে দিবে এবং মাদক ব্যবহারের ব্যাপারে শিক্ষা ও ঝুঁকির উপলব্ধি প্রদানের মাধ্যমে সম্প্রদায়সমূহকে বলবান করবে। আমি আমাদের বাসিন্দাদের নিরাপদ রাখতে এবং এধরনের গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য উদ্যোগ যাতে যথাযথভাবে অর্থায়িত হয় তা নিশ্চিত করতে গভর্নর হোকলের নিরলস পরিশ্রমের জন্য আরেকবার তার প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ফিল স্টেক্স বলেন, "টেলিহেলথ এবং ভিডিওকনফারেন্সিং শুরু হওয়ার ফলে যাদের মাদক ব্যবহারের চিকিৎসা চলছে, তারা কোভিড-19 এর সময়েও মাদক ব্যবহার ও মানসিক স্বাস্থ্য সমস্যা উভয়ের জন্য আউটপেশেন্ট সেবা নিতে পেরেছে, একইসাথে প্রতিরোধ সেবাও প্রদান করা গেছে। তবে, এটি সকলেরই জানা যে এই ক্ষেত্রে সরকারি বেসরকারি উভয় সংগঠন নিদারুণভাবে তহবিলের অভাবে রয়েছে। তহবিল অর্থপ্রাপ্তদের তাদের সেবা অনসাইটে ব্যক্তিগতভাবে প্রদান থেকে সম্প্রসারণ করতে দিবে। আমি অত্যন্ত খুশি যে এই অর্থ বিশেষভাবে "প্রমাণ-ভিত্তিক" আসক্তি প্রতিরোধ সেবাসমূহকে প্রদান করা হয়েছে, এবং ক্যাপিটাল অঞ্চলের অনেকেই এই তহবিল পেয়েছে।"

OASAS কী ধরনের প্রমাণ-ভিত্তিক কর্মসূচির অনুমোদন করে সেই ব্যাপারে তথ্য পাওয়া যাবে এখানে।

অঞ্চলভেদে অর্থপ্রাপ্তদের তালিকা নিচে দেওয়া আছে। আবেদন করা সকল উপযুক্ত প্রদানকারীদের তহবিল প্রদান করা হয়েছে।

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট

- অ্যাডিকশনস কেয়ার সেন্টার অফ অ্যালবানি, ইনকর্পোরেশন: 54,173 মার্কিন ডলার
- ইউনিভার্সিটি অ্যাট অ্যালবানি সেন্টার ফর বিহেভিওরাল হেলথ প্রমোশন অ্যান্ড অ্যাপ্লাইড রিসার্চ: 70,000 মার্কিন ডলার
- রেনেসেলার কাউন্টি ডিপার্টমেন্ট অফ মেন্টাল হেলথ: 61,000 মার্কিন ডলার
- ফ্র্যাঙ্কলিন কমিউনিটি সেন্টার, ইনকর্পোরেশন: 8,990 মার্কিন ডলার
- দ্য অ্যালকোহল অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রিভেনশন কাউন্সিল অফ সারাটোগা কাউন্টি: 70,000 মার্কিন ডলার
- কাউন্সিল ফর প্রিভেনশন, ইনকর্পোরেশন: 19,960 মার্কিন ডলার

সেন্ট্রাল NY

- কর্টল্যান্ড কাউন্টির ফ্যামিলি কাউন্সেলিং সার্ভিসেস, ইনকর্পোরেশন: 49,000 মার্কিন ডলার

ম্যাডিসন কাউন্টি কাউন্সিল অন অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ, ইনকর্পোরেশন: 70,000 মার্কিন ডলার
কন্ট্যাক্ট কমিউনিটি সার্ভিসেস, ইনকর্পোরেশন: 10,000 মার্কিন ডলার
অননডাগা কাউন্সিল ও অ্যালকোহলিজম/অ্যাডিকশনস, ইনকর্পোরেশন d/b/a/ প্রিভেনশন নেটওয়ার্ক: 51,197 মার্কিন ডলার
ফার্নহ্যাম ইনকর্পোরেশন d/b/a/ ফার্নহ্যাম ফ্যামিলি সার্ভিসেস: 69,968 মার্কিন ডলার

ফিঙ্গার লেকস

জেনেসি কাউন্সিল অন অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ, ইনকর্পোরেশন: 39,417 মার্কিন ডলার
ক্যাথোলিক চ্যারিটিজ অফ দ্য ডিওসেজ অফ রচেস্টা d/b/a ক্যাথোলিক ফ্যামিলি সেন্টার: 8,700 মার্কিন ডলার
ডে পল কমিউনিটি সার্ভিসেস (NCADD-RA): 70,000 মার্কিন ডলার
ডেলফি ড্রাগ অ্যান্ড অ্যালকোহল কাউন্সিল, ইনকর্পোরেশন d/b/a/ ডেলফি রাইজ: 9,722 মার্কিন ডলার
ইবারো-আমেরিকান অ্যাকশন লিগ, ইনকর্পোরেশন: 70,000 মার্কিন ডলার
সেন্টার ফর ইয়ুথ সার্ভিসেস, ইনকর্পোরেশন: 48,575 মার্কিন ডলার
দ্য কমিউনিটি প্লেস অফ গ্রেটার রচেস্টার, ইনকর্পোরেশন (প্রিভেনশন সার্ভিসেস): 13,804 মার্কিন ডলার
সেনেকা কাউন্টি কমিউনিটি সার্ভিসেস বোর্ড: 55,679 মার্কিন ডলার
ওয়াইয়োমিং কাউন্টি ডিপার্টমেন্ট অফ মেন্টাল হেলথ: 33,751 মার্কিন ডলার

লং আইল্যান্ড

COPAY, ইনকর্পোরেশন: 15,000 মার্কিন ডলার
ফ্যামিলি অ্যান্ড চিলড্রেন্স অ্যাসোসিয়েশন (Family and Children's Association, FCA): 70,000 মার্কিন ডলার
লং বিচ কোয়ালিশন টু প্রিভেন্ট আন্ডারএজ ড্রিংকিং, ইনকর্পোরেশন d/b/a লং বিচ AWARE: 50,336 মার্কিন ডলার
ন্যাশনাল সোসাইটি ফর হিব্রু ডে স্কুলস: 38,000 মার্কিন ডলার
সাবস্ট্যান্স অ্যাবিউজ ফ্রি এনভায়রনমেন্ট (Substance Abuse Free Environment, SAFE ইনকর্পোরেশন): 25,000 মার্কিন ডলার
ইয়ুথ এনভায়রনমেন্টাল সার্ভিসেস, ইনকর্পোরেশন d/b/a YES কমিউনিটি কাউন্সেলিং সেন্টার: 30,762 মার্কিন ডলার
ইস্টার্ন সাফোক BOCES: 69,249 মার্কিন ডলার
হোপ ফর ইয়ুথ, ইনকর্পোরেশন: 46,428 মার্কিন ডলার
হিউম্যান আন্ডারস্ট্যান্ডিং অ্যান্ড গ্রোথ সেমিনার্স (HUGS ইনকর্পোরেশন): 63,852 মার্কিন ডলার
হান্টিংটন ইয়ুথ ব্যুরো ইয়ুথ ডেভেলপমেন্ট রিসার্চ ইনস্টিটিউট, ইনকর্পোরেশন (HYBYDRI): 70,000 মার্কিন ডলার
PSCH ইনকর্পোরেশন d/b/a ওয়েললাইফনেটওয়ার্ক: 10,752 মার্কিন ডলার

রিভারহেড কমিউনিটি অ্যাওয়ারনেস প্রোগ্রাম: 36,603 মার্কিন ডলার
টাউন অফ স্মিথটাউন-হরিজন্স কাউন্সেলিং অ্যান্ড এডুকেশন সেন্টার: 13,480 মার্কিন ডলার
ওয়েস্ট আইস্লিপ ইয়ুথ এনরিচমেন্ট সার্ভিসেস, ইনকর্পোরেশন: 70,000 মার্কিন ডলার

মধ্য-হাডসন

কাউন্সিল ও অ্যাডিকশন প্রিভেনশন অ্যান্ড এডুকেশন অফ ডাচেস কাউন্টি, ইনকর্পোরেশন: 29,965 মার্কিন ডলার
ক্যাথলিক চ্যারিটিজ অফ অরেঞ্জ, সালিভান অ্যান্ড আলস্টার: 34,285 মার্কিন ডলার
ওয়ারউইক কমিউনিটি ব্যান্ডওয়াগন, ইনকর্পোরেশন: 43,874 মার্কিন ডলার
দ্য প্রিভেনশন কাউন্সিল অফ পাটনাম: 63,000 মার্কিন ডলার
কমিউনিটি অ্যাওয়ারনেস নেটওয়ার্ক ফর এ ড্রাগ-ফ্রি লাইফ অ্যান্ড এনভায়রনমেন্ট, ইনকর্পোরেশন (CANDLE): 33,700 মার্কিন ডলার
রকল্যান্ড কাউন্সিল অন অ্যালকোহলিজম অ্যান্ড আদার ড্রাগ ডিপেন্ডেন্স (RCADD): 58,720 মার্কিন ডলার
ভিলেজ অফ হ্যাভারস্ট্র ড্রাগ অ্যাবিউজ প্রিভেনশন কাউন্সিল: 45,000 মার্কিন ডলার
ফ্যামিলি সার্ভিসেস, ইনকর্পোরেশন: 9,833 মার্কিন ডলার
সিটি অফ হোয়াইট প্লেইন্স ইয়ুথ ব্যুরো: 34,907 মার্কিন ডলার
হ্যারিসন ইয়ুথ কাউন্সিল, ইনকর্পোরেশন: 40,000 মার্কিন ডলার
স্টুডেন্ট অ্যাসিস্টেন্স সার্ভিসেস কর্পোরেশন: 63,398 মার্কিন ডলার

মোহক ভ্যালি

ক্যাথলিক চ্যারিটিজ অফ হারকাইমার কাউন্টি: 44,094 মার্কিন ডলার
HFM প্রিভেনশন কাউন্সিল 40,972 মার্কিন ডলার
সেন্টার ফর ফ্যামিলি লাইফ অ্যান্ড রিকভারি, ইনকর্পোরেশন: 70,000 মার্কিন ডলার
ক্যাথলিক চ্যারিটিজ অফ ফুলটন অ্যান্ড মন্টগোমারি কাউন্টিজ: 37,500 মার্কিন ডলার
লেদারস্টকিং এডুকেশন অন অ্যালকোহলিজম/অ্যাডিকশনস ফাউন্ডেশন, ইনকর্পোরেশন (LEAF, ইনকর্পোরেশন): 70,000 মার্কিন ডলার
স্কোহারি কাউন্টি কাউন্সিল অন অ্যালকোহলিজম সাবস্ট্যান্স অ্যাবিউজ ইনকর্পোরেশন: 59,000 মার্কিন ডলার

নিউ ইয়র্ক সিটি

ডিপার্টমেন্ট অফ এডুকেশন, আর্কিডিওসেজ অফ নিউ ইয়র্ক (ADAPP): 69,300 মার্কিন ডলার
CAMBA, ইনকর্পোরেশন: 10,000 মার্কিন ডলার
ফেডারেশন অফ ইতালিয়ান-আমেরিকান অর্গানাইজেশন অফ ব্রুকলিন, লিমিটেড: 45,000 মার্কিন ডলার
হিব্রু এডুকেশনাল সোসাইটি: 45,000 মার্কিন ডলার
ন্যাশনাল কমিটি ফর ফার্দারেন্স অফ জিউইশ এডুকেশন: 65,650 মার্কিন ডলার
রাইসবোরো কমিউনিটি পার্টনারশিপ, ইনকর্পোরেশন: 19,822 মার্কিন ডলার

দ্য ডিপার্টমেন্ট অফ এডুকেশন অফ দ্য ডিওসেজ অফ ব্রুকলিন (PDHP): 19,822 মার্কিন ডলার
ইমিগ্র্যান্ট সোশ্যাল সার্ভিসেস, ইনকর্পোরেশন: 42,596 মার্কিন ডলার
লেসবিয়ান অ্যান্ড গে কমিউনিটি সার্ভিসেস সেন্টার, ইনকর্পোরেশন: 20,000 মার্কিন ডলার
SCAN-NY ভলান্টিয়ার প্যারেন্ট-অ্যাইডেস অ্যাসোসিয়েশন: (SCAN হার্বার, ইনকর্পোরেশন): 12,707 মার্কিন ডলার
সিঙ্গেল প্যারেন্ট রিসোর্স সেন্টার: 48,749 মার্কিন ডলার
দ্য এডুকেশনাল অ্যালায়েন্স, ইনকর্পোরেশন: 28,074 মার্কিন ডলার
এলমকর ইয়ুথ অ্যান্ড অ্যাডাল্ট অ্যাক্টিভিটিজ, ইনকর্পোরেশন: 36,850 মার্কিন ডলার
মেন্টাল হেলথ প্রোভাইডার্স অফ ওয়েস্টার্ন কুইন্স, ইনকর্পোরেশন: 43,509 মার্কিন ডলার
CASA-ট্রিনিটি, ইনকর্পোরেশন (ট্রিনিটি অফ শেমাং কাউন্টি): 69,941 মার্কিন ডলার

নর্থ কাউন্টি

চ্যাম্পলেইন ভ্যালি ফ্যামিলি সেন্টার ফর ড্রাগ ট্রিটমেন্ট অ্যান্ড ইয়ুথ সার্ভিসেস, ইনকর্পোরেশন: 60,526 মার্কিন ডলার
সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রিভেনশন টিম অফ এসেক্স কাউন্টি, ইনকর্পোরেশন: 32,712 মার্কিন ডলার
সিটিজেন অ্যাডভোকেটস, ইনকর্পোরেশন d/b/a নর্থ স্টার ইন্ডাস্ট্রিজ: 67,400 মার্কিন ডলার
অ্যালকোহল অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ কাউন্সিল অফ জেফার্সন কাউন্টি, ইনকর্পোরেশন d/b/a পিভট: 34,897 মার্কিন ডলার
মাউন্টেন ভিউ প্রিভেনশন সার্ভিসেস, ইনকর্পোরেশন: 44,162 মার্কিন ডলার
সিওয়ে ভ্যালি কাউন্সিল ফর অ্যালকোহল/সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রিভেনশন, ইনকর্পোরেশন: 69,894 মার্কিন ডলার

সাদার্ন টিয়ার

আওয়ার লেডি অফ লর্ডস মেমোরিয়াল হাসপাতাল: 35,000 মার্কিন ডলার
ইউনাইটেড অ্যাক্টিভিটিজ আনলিমিটেড, ইনকর্পোরেশন: 70,000 মার্কিন ডলার
ক্যাথলিক চ্যারিটিজ ফর দ্য ডিওসেজ অফ রচেস্টার d/b/a ক্যাথলিক চ্যারিটিজ অফ স্টিউবেন কাউন্টি: 35,701 মার্কিন ডলার
ফ্যামিলি সার্ভিস সোসাইটি, ইনকর্পোরেশন: 70,000 মার্কিন ডলার
হরনেল এরিয়া ফর ইয়ুথ, ইনকর্পোরেশন: 3,500 মার্কিন ডলার
অ্যালকোহল অ্যান্ড ড্রাগ কাউন্সিল অফ টম্পকিনস কাউন্টি, ইনকর্পোরেশন: 14,310 মার্কিন ডলার

ওয়েস্টার্ন NY

অ্যালেগেনি কাউন্সিল অন অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ, ইনকর্পোরেশন: 27,004 মার্কিন ডলার
কাউন্সিল অন অ্যাডিকশন রিকভারি সার্ভিসেস, ইনকর্পোরেশন: 69,054 মার্কিন ডলার

শাটোকুয়া অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ কাউন্সিল (Chautauqua Alcoholism and Substance Abuse Council, CASAC): 70,000 মার্কিন ডলার
EPIC - এভরি পার্সন ইনফ্লুয়েন্সেস চিলড্রেন: 45,000 মার্কিন ডলার
ইরি কাউন্টি কাউন্সিল ফর দ্য প্রিভেনশন অফ অ্যালকোহল অ্যান্ড সাবস্ট্যান্স অ্যানিউজ, ইনকর্পোরেশন (ইরি কাউন্টির প্রিভেনশন কাউন্সিল): 45,000 মার্কিন ডলার
প্রিভেনশনফোকাস, ইনকর্পোরেশন: 10,679 মার্কিন ডলার
ওয়েস্ট সাইড কমিউনিটি সার্ভিসেস: 25,994 মার্কিন ডলার
ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ইউনাইটেড এগেইনস্ট ড্রাগ অ্যান্ড অ্যালকোহল অ্যাবিউজ, ইনকর্পোরেশন: 21,825 মার্কিন ডলার
নর্থপয়েন্ট কাউন্সিল, ইনকর্পোরেশন: 70,000 মার্কিন ডলার

গত কয়েক বছরে, নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছে। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, স্টেট প্রথাগত সেবা প্রাপ্যতা সম্প্রসারিত করেছে, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্পের পাশাপাশি ঔষধের সহায়তায় চিকিৎসা সেবা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবাসমূহ।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, চিকিৎসা উদ্ভাবনী কেন্দ্র, মাদক ব্যবহারকারীর স্বাস্থ্য এবং 24/7 খোলা থাকে এমন কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত উপলভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, ইন-পেশেন্ট, আবাসিক বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার উপলব্ধতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেওয়া যাবে যা FindAddictionTreatment.ny.gov এ অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

আপনি, অথবা আপনার প্রিয়জন, যদি চিকিৎসা সংক্রান্ত বীমা বাধার সম্মুখীন হন অথবা একটি অস্বীকৃত দাবির জন্য আবেদন দাখিল করার জন্য সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে CHAMP হেল্পলাইনের সাথে ফোনে যোগাযোগ করুন অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন